

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৬০

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪২৯

২২ মে ২০২২

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

১। আবহাওয়ার সতর্কবার্তা:

সমুদ্রবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।

২। আজ ২২ মে ২০২২ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।

৪। আজ ২২ মে ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থাঃ উত্তরপশ্চিম থাইল্যান্ড ও তৎসংলগ্ন মায়ানমার এলাকায় অবস্থানরত স্পষ্ট লঘুচাপটি দুর্বল হয়ে গু রুহীন হয়ে পড়েছে। লঘুচাপের বর্ধিতাংশ বিহার থেকে পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশের দক্ষিণাঞ্চল হয়ে উত্তর বঙ্গোপস াগর পর্যন্ত বিরাজমান রয়েছে।

পূর্বাভাসঃ রংপুর, ময়মনসিংহ, ঢাকা, বরিশাল, চট্টগ্রাম সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী ও খুলনা বিভ াগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়ার সাথে প্রবল বিজলী চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে প ারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরণের ভারী (২২-৪৩ মিঃমিঃ) থেকে ভারী (৪৪-৮৮ মিঃমিঃ) বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পার ে।

৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩০.৮	২৮.০	৩৪.২	২৯.৫	৩২.৭	২৯.২	৩৪.৮	৩৪.১
সর্বনিম্ন তাপমাত্রা	২১.৫	২১.৬	২১.২	২২.০	২২.৮	২২.৬	২৩.০	২১.২

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সাতক্ষীরা ৩৪.৮<sup>০</sup> সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা চট্টগ্রাম, বরিশাল ও ভোলা ২১.২<sup>০</sup> সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

## ৫। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২০ মে, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ২১ মে, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১০ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৩	০	০
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	রংপুর	২	০	০
৭।	চট্টগ্রাম	১	০	০
৮।	খুলনা	১	০	০
	মোট	১০	০	০

## ৬। বন্যা:

অতি বৃষ্টির কারণে সৃষ্ট বন্যা পরিস্থিতির প্রতিবেদন:

**সিলেট:** জেলার অভ্যন্তর দিয়ে প্রবাহিত সবগুলো নদীর পানি বিদসীমার উপর দিয়ে প্রবাহিত হলেও পানি ধীরে ধীরে হ্রাস পাচ্ছে। শুধুমাত্র জকিগঞ্জ উপজেলায় অমলশীদ এলাকায় বরাক, কুশিয়ারা ও সুরমা ত্রমোহনায় গত ১৯.০৫.২০২২ তারিখ দিবাগত রাতে বরাক বাঁধ ভেঙে পানি লোকালয়ে প্রবেশ করায় উপজেলার বিস্তীর্ণ এলাকা বন্যায় প্লাবিত হয়েছে। বাঁধের ভাঙা অংশ দিয়ে পানি প্রবেশ করায় জকিগঞ্জ উপজেলার বন্যা পরিস্থিতি অবনতিশীল। পানিবন্দি লোকদের আশ্রয়ের জন্য সিলেট জেলার ৩৪৩ টি আশ্রয়কেন্দ্র প্রস্তুত রাখা হয়েছে। বর্তমানে ১২১ টি আশ্রয় কেন্দ্রে ১০,৩১৩ জন আশ্রয় গ্রহণ করেছেন। আশ্রিতদের শুকনো খাবার সরবরাহ ও প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হচ্ছে।

ত্রাণ তৎপরতা অব্যাহত আছে। বন্যা দুর্গত এলাকাগুলো পরিদর্শন করা হচ্ছে। সার্বিক পরিস্থিতি মনিটরিং করা হচ্ছে।

**সুনামগঞ্জ:** সাম্প্রতিক কালে টানা ভারি বৃষ্টিপাত ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে সুনামগঞ্জ জেলার বন্যা পরিস্থিতির উন্নতি হচ্ছে। জেলার ছাতক, দোয়ারাবাজার কর্তৃক ৬ টি বন্যা আশ্রয় কেন্দ্র খোলা হয়েছে এবং আরও ২০ টি বন্যা আশ্রয় কেন্দ্র প্রস্তুত রাখা হয়েছে। ছাতক ও সদর উপজেলার কয়েকটি ইউনিয়নের নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। উপজেলা প্রশাসন কর্তৃক ২৫ টি বন্যা আশ্রয় কেন্দ্র খোলা হয়েছে এবং আরও ৯০ টি বন্যা আশ্রয়কেন্দ্র প্রস্তুত রাখা হয়েছে।

সুনামগঞ্জ জেলার বন্যা পরিস্থিতি মোকাবেলায় জেলা প্রশাসন সুনামগঞ্জ কর্তৃক জিআর ক্যাশ ১২,০০,০০০/- (বার লক্ষ) টাকা, জি.আর চাল ১৬৫.০০০ (একশত পয়ষট্টি) মে.টন ও ৪.০০০ (চার হাজার) বস্তা শুকনো খাবার উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে।

## ৭। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস

- ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আবহাওয়া সংস্থাসমূহের গাণিতিক মডেলভিত্তিক পূর্বাভাস অনুযায়ী, আগামী ২৪ ঘণ্টায় দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের আসাম, মেঘালয়, হিমালয় পাদদেশীয় পশ্চিমবঙ্গ ও ত্রিপুরা প্রদেশের কতিপয় স্থানে মাঝারী থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

- দেশের উত্তরাঞ্চলের ধরলা, তিস্তা ও দুধকুমার নদীর পানি সমতল স্থিতিশীল আছে, যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- সুরমা-কুশিয়ারা ব্যতীত দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ২৪ ঘন্টায় পর্যন্ত কতিপয় স্থানে সময় বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলে সিলেট ও সুনামগঞ্জ জেলার কতিপয় স্থানে বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে, অপরদিকে নেত্রকোণা জেলার নিম্নাঞ্চলের কতিপয় স্থানে বন্যা পরিস্থিতির কিছুটা অবনতি হতে পারে।

#### নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০৯	গেজ স্টেশন বন্ধ আছে	০
বৃদ্ধি	৭৫	গেজ পাঠ পাওয়া যায়নি	০
হ্রাস	৩০	মোট তথ্য পাওয়া যায়নি	০
অপরিবর্তিত	০৪	বিপদসীমার উপরে	০৬

#### বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (২২ মে, ২০২২ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদসীমা (মিটার)	বিপদসীমার উপরে (সে.মি.)
কানাইঘাট (সিলেট)	সুরমা	১৩.৫৯	-০১	১২.৭৫	+৮৪
সিলেট	সুরমা	১০.৯২	-১৩	১০.৮০	+১২
অমলশীদ (সিলেট)	কুশিয়ারা	১৬.৭২	-২৪	১৫.৪০	+১৩২
শেওলা (সিলেট)	কুশিয়ারা	১৩.৫২	-০৮	১৩.০৫	+৪৭
দিরাই (সুনামগঞ্জ)	পুরাতন সুরমা	৬.৬২	-০১	৬.৫৫	+০৭
কলমাকান্দা (নেত্রকোণা)	সোমেশ্বরী	৬.৭৮	+১৯	৬.৫৫	+২৩

#### বারিপাত তথ্য

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
কক্সবাজার	৫২.০	শেরপুর (সিলেট)	৩৫.০	লাটু (সিলেট)	৩৫.০

গত ২৪ ঘন্টায় ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
সিলচর (আসাম)	৭১.০	গ্যাংটক (সিকিম)	২৮.০



২২-৫-২০২২

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৫) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল)
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) উপ-পরিচালক (সকল)
- ১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
- ১৩) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



২২-৫-২০২২

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা